# লালমনিরহাট জেলা হাসপাতাল, লালমনিরহাট-এর ১৮০ দিনের গৃহিত কার্যক্রমসমূহঃ

| মেয়াদকাল | গৃহিত কার্যক্রম | বাস্তবায়নকারী |
|---|---|---|
| স্বল্প মেয়াদী ( ০১-৬০ দিন) | **Help Desk স্থাপন ঃ** হাসপাতালে আগত সেবা প্রার্থীরা Help Desk-এ অবস্থানরত হাসপাতাল কর্মীর নিকট যে কোন তথ্য জানতে পারবেন। এই ডেক্স হতে বহিঃ বিভাগ, জরুরী বিভাগ ও অন্তঃ বিভাগের চিকিৎসা সেবা সংক্রান্ত তথ্য ও বিভিন্ন রোগের পরীক্ষা-নিরীক্ষা সম্পর্কিত তথ্য এবং বিশেষজ্ঞ চিকিৎসক সম্পর্কিত সকল প্রকার তথ্য জানা যাবে। ডেক্স-এ রক্ষিত অভিযোগ রেজিষ্টার খাতায় অভিযোগকারী তাহার নাম, পুর্নাঙ্গ ঠিকানা ও মোবাইল নম্বরসহ অভিযোগ লিপিবদ্ধ করতে পারবেন। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, আবাসিক মেডিকেল অফিসার, ইনচার্জ (বহিঃবিভাগ)। |
| | **মডেল NCD কর্ণারের মাধ্যমে সেবা চালু করণ ঃ** হাসপাতালে মডেল NCD কর্ণারে অসংক্রামক রোগ সমূহ যেমন উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিক রোগীর সেবা সহজলভ্য করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, আবাসিক মেডিকেল অফিসার, ইনচার্জ (বহিঃবিভাগ)। |
| | **হাসপাতালের চত্বরে বাগান নির্মান ঃ** হাসপাতাল চত্বরের সৌন্দর্য্য বৃদ্ধিকরণের নিমিত্তে নতুন ভবনের সম্মুখে নতুন বাগান নির্মানসহ ফুল ও ভেষজ গাছ রোপন করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, গণপূর্ত বিভাগ,লালমনিরহাট / হারবাল এসিসটেন্ট। |
| | **বৃক্ষ রোপন কার্যক্রম ঃ** হাসপাতাল চত্বরের ফাঁকা জায়গায় ভেষজ ও বনজ বৃক্ষরোপন করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, আবাসিক মেডিকেল অফিসার। |
| | **পরিষ্কার পরিচ্ছন্নতার কার্যক্রম জোরদারকরণ ঃ** হাসপাতাল ভবনসহ হাসপাতাল ক্যাম্পাসের সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করনের জন্য পরিষ্কার পরিচ্ছন্নতার অভিযান জোরদার করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, পৌরসভা, লালমনিরহাট। |
| | **দালাল প্রতিরোধে ব্যবস্থা গ্রহন ঃ** হাসপাতালে দালাল প্রতিরোধে সকল কর্মকর্তা/কর্মচারীগণের হাসপাতালের পরিচিতি কার্ড ব্যবহার নিশ্চিত করা হবে। সেই সংগে প্রশাসনিক সহযোগীতার মাধ্যমে দালাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, জেলা প্রশাসক/পুলিশ সুপার,লালমনিরহাট। |
| | **হাসপাতালে মেজর অপারেশন বৃদ্ধি করণ ঃ** হাসপাতালে প্রতি মাসে গড়ে ৪০ টি মেজর অপারেশন হয়। অপারেশনের সংখ্যা বৃদ্ধিকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, সংশ্লিষ্ট বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক। |
| মধ্য মেয়াদী (৬১-১২০ দিন) | **পার্কিং এরিয়া নির্মান ঃ** হাসপাতালে সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখার নিমিত্তে হাসপাতালের এ্যাম্বুলেন্সসহ সাইকেল, মোটর সাইকেল, ভ্যান, রিক্সা, অটোরিক্সা ইত্যাদি সুনির্দিষ্ট জায়গায় রক্ষনাবেক্ষনের জন্য পার্কিং এরিয়া নির্মান করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, গণপূর্ত বিভাগ,লালমনিরহাট। |
| | **প্রতিষ্ঠানিক প্রসব বৃদ্ধিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন ঃ** অত্র হাসপাতাল প্রতিমাসে গড়ে ৬০ টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়। সমাজ সেবা কার্যালয়ের মাধ্যমে প্রসব পরবর্তী মা ও শিশুকে প্রনোদনা প্রদানের মাধ্যমে হাসপাতালে স্বাভাবিক প্রসবের হার বৃদ্ধিকরণে পদক্ষেপ গ্রহন করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, সংশ্লিষ্ট বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসক |
| দীর্ঘ মেয়াদী (১২১-১৮০ দিন) | **হাসপাতালের নিরাপত্তা সেবা নিশ্চিতকরণ ঃ** হাসপাতালের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করণের জন্য আনসার বাহিনী নিয়োগ প্রক্রিয়া গ্রহনপূর্বক সম্পন্ন করা হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, জেলা আনছার ও ভিডিপি কর্মকর্তা,লালমনিরহাট। |
| | **নতুন ভবন চালুকরণ ঃ** বর্তমানেহাসপাতালের নতুন ভবনে আংশিক সেবা কার্যক্রম চালু রহিয়াছে। নতুন ভবনের স্বাস্থ্যসেবা কার্যক্রম পূর্নাঙ্গরুপে চালুর নিমিত্তে ক্ষতিগ্রস্থ সেন্ট্রাল অক্সিজেন সরবরাহ লাইন মেরামত সহ প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হবে। | তত্ত্বাবধায়ক, লালমনিরহাট জেলা হাসপাতাল, গণপূর্ত বিভাগ,লালমনিরহাট। |
| | **২৫০ শয্যার বিপরীতে প্রয়োজনীয় জনবলের চাহিদার সংস্থানে কার্যক্রম গ্রহন ঃ** অত্র হাসপাতালে ২৫০ শয্যার সেবা কার্যক্রম চালু থাকলেও ১০০ শয্যার সাংগঠনিক কাঠামোর বিপরীতে স্বল্প সংখ্যক জনবল দ্বারা সেবা কার্যক্রম চলমান আছে। এত কম সংখ্যক জনবল দ্বারা হাসপাতালে প্রতিদিন প্রায় ১৫০০-২০০০ সেবাপ্রার্থীর মানসম্মত সেবা প্রদান ব্যাহত হচ্ছে। তাই ২৫০ শয্যার বিপরীতে প্রয়োজনীয় জনবলের চাহিদার সংস্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করা হবে। | তত্ত্বাবধায়ক,লালমনিরহাট জেলা হাসপাতাল, স্বাস্থ্য ও পবিবার কল্যাণ মন্ত্রনালয়, জন প্রশাসন মন্ত্রনালয়। |

২৮/০২/২৪।

(ডাঃ মোঃ আবু-আল-হজ্জাজ)
তত্ত্বাবধায়ক
লালমনিরহাট জেলা হাসপাতাল,লালমনিরহাট।

২৮/২/২৪